বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)

জনসংযোগ বিভাগ

## ২৫ এপ্রিল, ২০২৩ তারিখে অনুষ্ঠিত কোম্পানির ৭৬তম মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ শোয়েব<br>ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব) |
| সভার তারিখ | ২৫ এপ্রিল,২০২৩ |
| সভার সময় | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | বোর্ড রুম, প্রধান কার্যালয়, বিজিএফসিএল, ব্রাহ্মণবাড়িয়া |
| উপস্থিতি | তালিকা সংযুক্ত |

সভাপতি পবিত্র ঈদ-উল-ফিতর পালন করার পর কোম্পানির এপ্রিল, ২০২৩ মাসের/৭৬তম সমন্বয় সভায় অংশগ্রহণকারী সকল কর্মকর্তাকে শুভেচ্ছা ও ঈদ মোবারক জানান। অতঃপর তিনি পূর্ববর্তী সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপনের জন্য কোম্পানি সচিব-কে অনুরোধ করেন। কোম্পানি সচিব সভাপতির অনুমতিক্রমে সকল মহাব্যবস্থাপক, উপ-মহাব্যবস্থাপক, প্রকল্প পরিচালক ও ফিল্ড-ইনচার্জগণের প্রতি শুভেচ্ছা জানিয়ে মার্চ ২০২৩ মাসের সমন্বয় সভার সিদ্ধান্তসমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন।

বিগত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতিসহ অন্যান্য বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম. | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/ আলোচ্যসূচি | অগ্রগতি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ২.০। | অপারেশন ডিভিশন: | | | |

| ক্রম. | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/ আলোচ্যসূচি | অগ্রগতি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ২.১। | কোম্পানির ভূমি ও Right of way-সমূহ সংরক্ষণে প্রয়োজনীয় কার্যব্যবস্থা অব্যাহত রাখতে হবে। | সভাকে অবহিত করা হয় যে, তিতাস-এ থেকে প্রধান কার্যালয় পর্যন্ত সীমানা পিলার স্থাপন করা হয়েছে এবং নিয়মিত মনিটরিং করা হচ্ছে।<br><br>তবে, গোকর্ণ ঘাট-প্রধান কার্যালয়ের Right of way-র দাড়িয়াপুর গ্রাম এলাকায় একজন স্থানীয় বাসিন্দা কর্তৃক স্থাপনা নির্মাণের প্রচেষ্টা পরিলক্ষিত হচ্ছে মর্মে উপমহাব্যবস্থাপক (নিরাপত্তা) সভাকে অবহিত করেন। এরূপ কাজ থেকে উক্ত ব্যক্তিকে নিবৃত রাখার জন্য কোম্পানির তরফে নিষেধাজ্ঞা জানানোর পাশাপাশি বিষয়টি ব্রাহ্মণবাড়িয়া জেলা প্রশাসক মহোদয়কে পত্র মারফত অবহিত করা হয়েছে। | কোম্পানির ভূমি ও Right of way-সমূহ সংরক্ষণে প্রয়োজনীয় কার্যব্যবস্থা অব্যাহত রাখতে হবে।<br><br>কোম্পানির Right of way তে কেউ যেন কোনও স্থাপনা নির্মাণ করতে না পারে, সে বিষয়ে সচেতন থাকতে হবে। পাশাপাশি ব্রাহ্মণবাড়িয়া জেলা প্রশাসনের সাথে এ বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন)/ (প্রশাসন)/(টিএস) |
| ২.২। | বাখরাবাদ ফিল্ড সংলগ্ন বাজার এলাকায় কোম্পানির চিহ্নিত ভূমিতে দোকান নির্মাণের বিষয়টি সম্পর্কে অবহিতকরণ। | সভাকে অবহিত করা হয় যে, বাখরাবাদ ফিল্ডের বাজার এলাকায় কোম্পানির চিহ্নিত ভূমিতে স্থানীয় কতিপয় ব্যক্তি রাতারাতি দোকান-পাট নির্মাণ করে ভাড়া দেয়ার কার্যক্রম গ্রহণ করে, যা স্থানীয় সাংবাদিক কর্তৃক উপমহাব্যবস্থাপক (বাখরাবাদ)-কে অভিযুক্ত করে সাক্ষাত করতে এলে তিনি বিষয়টি জানতে পারেন। তিনি তৎক্ষণাৎ বাধা প্রদান করলে দোকানসমূহ ১৫দিনের মধ্যে অপসারণ করা হবে মর্মে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ সম্মত হয়েছে। | বাখরাবাদ ফিল্ডের বাজার এলাকায় কোম্পানির চিহ্নিত ভূমিতে দোকান নির্মাণের বিষয়টি সম্পর্কে ইউএনও-কে পত্র মারফত অবহিত করতে হবে। | মহাব্যবস্থাপক (টিএস)/ ( অপাঃ) এবং ডিজিএম (বাখরাবাদ)/ (এস্টেট) |
| ২.৩। | বাখরাবাদ ফিল্ড সংলগ্ন জাতীয় হাইপ্রেসার পাইপলাইন থাকা Right of way-র উপর পাবলিক স্থাপনা থাকার বিষয়টি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিতকরণ। | বাখরাবাদ ফিল্ড সংলগ্ন একটি স্থানে জাতীয় হাইপ্রেসার পাইপলাইন থাকা Right of way-র উপর পাবলিক স্থাপনা থাকার বিষয়টি উপমহাব্যবস্থাপক (বাখরাবাদ) এর দৃষ্টিগত হয়েছে। পাইপলাইনটি সালদানদী গ্যাস ফিল্ডের হতে পারে। বিষয়টি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করা প্রয়োজন মর্মে তিনি সভায় অভিমত ব্যক্ত করেন। | বাখরাবাদ ফিল্ড সংলগ্ন জাতীয় হাইপ্রেসার পাইপলাইন থাকা Right of way-র উপর পাবলিক স্থাপনা থাকার বিষয়টি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। | মহাব্যবস্থাপক ( অপারেশন) এবং উপমহাব্যবস্থাপক (বাখরাবাদ) |

| ক্রম. | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/ আলোচ্যসূচি | অগ্রগতি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ২.৪। | মরিচাকান্দি ঘাট থেকে মেঘনা ফিল্ড পর্যন্ত রাস্তার উভয় পাশের কোম্পানির Right of way-র জমির মাপ-জোক দ্রুত ও যথাযথভাবে সম্পাদন করতে হবে। | সভাকে অবহিত করা হয় যে, মেঘনা ফিল্ড সংলগ্ন মরিচাকান্দি ঘাট থেকে মেঘনা ফিল্ড পর্যন্ত কোম্পানির Right of way-র জমির মাপ-জোক সম্পাদনের জন্য বেসরকারি আমীন নিয়োজিত করা হয়েছে।<br><br>তবে, সরকারি আমীন নিয়োজিত করা গেলে কার্যক্রমটি অধিকতর ফলপ্রসূ হবে মর্মে ফিল্ড ইনচার্জ সভার দৃষ্টি আকর্ষণ করেন। | মরিচাকান্দি ঘাট থেকে মেঘনা ফিল্ড পর্যন্ত রাস্তার উভয় পাশের কোম্পানির জমির মাপ-জোক সম্পাদনের নিমিত্ত সরকারি আমীন নিয়োজিত করার লক্ষ্যে উপজেলা নির্বাহী কর্মকর্তা, বাঞ্ছারামপুর মহোদয়ের সাথে যোগাযোগ করে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (টিএস)/ ( অপারেশন) এবং উপমহাব্যবস্থাপক (এস্টেট) ও ফিল্ড ইনচার্জ |
| ২.৫। | উলুখোলা বাজার থেকে কামতা ফিল্ড পর্যন্ত কোম্পানির Right of way-র জমির মাপ-জোক মেঘনা ফিল্ডের কাজ শেষ হওয়ার সাথে সাথে সম্পাদন করতে হবে। | সভাকে অবহিত করা হয় যে, কামতা ফিল্ডের প্রায় ২.৭ কিঃমিঃ দীর্ঘ Right of way-র বিভিন্ন জায়গায় স্থানীয় জনগণ কর্তৃক ঘরের বারান্দা বা সিড়ির শেষ ধাপ বা বাউন্ডারি ওয়াল বা দোকানের একটু এক্সটেনশন স্থাপন, সীমানা পিলার কিছুটা সরিয়ে দেয়া, এমন ধরণের কর্মকান্ড করতে দেখা যাচ্ছে, যা ঝুঁকিপূর্ণ বলে প্রতীয়মান। তাছাড়া, উলুখোলা বাজারে কোম্পানির প্রায় ৫ বিঘা জমি রয়েছে যেখানে ইট, বালু, কাঠ জাতীয় মালামাল সংরক্ষণ করে বাণিজ্যিক কার্যক্রম পরিচালিত হচ্ছে। | কামতা ফিল্ডের প্রায় ২.৭ কিঃমিঃ দীর্ঘ Right of way এবং উলুখোলা বাজার সংলগ্ন কোম্পানির ভূমি দখলমুক্ত রাখার লক্ষ্যে উক্ত জায়গাসমূহের দাগ নম্বর, খতিয়ান নম্বর, মৌজা উল্লেখপূর্বক সার্বিক সহযোগিতা প্রত্যাশা করে সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) বরাবর পত্র প্রেরণসহ যোগাযোগ করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন)/ (সিজি)/ (প্রশাসন) এবং উপমহাব্যবস্থাপক (এস্টেট) ও সংশ্লিষ্ট কমিটি |
| ২.৬। | কোম্পানির নিজস্ব যানবাহনসমূহের জন্য প্রয়োজনীয় পেট্রোল ও ডিজেল সংগ্রহের লক্ষ্যে যমুনা অয়েল কোম্পানী লিঃ-এর সাথে যোগাযোগ করতে হবে। | কোম্পানির নিজস্ব যানবাহনসমূহের জন্য পেট্রোল ও ডিজেল তিতাস ফিল্ডের ফুয়েল পাম্পে সংরক্ষণের লক্ষ্যে যমুনা অয়েল কোম্পানী লিঃ-এর সাথে যোগাযোগ করা হয়েছে।<br><br>এ লক্ষ্যে যমুনা অয়েল কোম্পানী লিঃ-এর যাচিত তথ্যাদি প্রেরণের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। | কোম্পানির নিজস্ব যানবাহনসমূহের জন্য প্রয়োজনীয় পেট্রোল ও ডিজেল যমুনা অয়েল কোম্পানী লিঃ হতে সংগ্রহপূর্বক তিতাস ফিল্ডের ফুয়েল পাম্পে সংরক্ষণের ব্যবস্থা করতে হবে। | মহাব্যবস্থাপক (রক্ষণাবেক্ষণ)/ (প্রশাসন) এবং উপমহাব্যবস্থাপক (তিতাস)/ (এসটিআইসি) |

| ক্রম. | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/ আলোচ্যসূচি | অগ্রগতি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ২.৭। | কোম্পানির ফিল্ড ও স্থাপনাসমূহের নিরাপত্তা ব্যবস্থা জোরদার রাখতে সিসিটিভির কার্যক্রম নিবিড় পর্যবেক্ষণ করতে হবে। | তিতাস ফিল্ডের বিভিন্ন লোকেশনে স্থাপিত ৩৩০-৩৪০ টি এবং হবিগঞ্জ ফিল্ডে ২৪টি সিসিটিভি কার্যক্ষম আছে। বাখরাবাদ ফিল্ডের এ, বি লোকেশন এবং মেঘনা ফিল্ড ও নরসিংদী ফিল্ডের গুরুত্বপূর্ণ ও স্পর্শকাতর এলাকাসমূহ সিসিটিভির আওতাভুক্ত করা হয়েছে।<br><br>বাখরাবাদ ফিল্ডের 'এ' লোকেশনে প্রতিস্থাপিতব্য নাইট ভিশন ক্যামেরা সংগ্রহের লক্ষ্যে দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | কোম্পানির ফিল্ড ও স্থাপনাসমূহের নিরাপত্তা ব্যবস্থা জোরদার রাখতে গুরুত্বপূর্ণ ও স্পর্শকাতর এলাকাসমূহ সিসিটিভির আওতাভুক্ত রাখার পাশাপাশি সিসিটিভির কার্যক্রম নিবিড় পর্যবেক্ষণ করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন)<br>এবং সংশ্লিষ্ট কমিটি ও সকল ফিল্ড ইনচার্জ |
| ২.৮। | কোম্পানির বিভিন্ন ফিল্ড/স্থাপনার পরিষ্কার-পরিচ্ছন্নতা অব্যাহত রাখতে পুরনো/ ভাঙ্গা/ জংধরা স্ক্র্যাপ মালামালসমূহ দ্রুত অপসারণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সভাকে অবহিত করা হয় যে, তিতাস ফিল্ডের লোকেশন-এ তে কম্প্রেসর স্থাপন প্রকল্পের আওতায় প্রসেস প্লান্ট স্থাপন কাজ সমাপ্ত হয়েছে বিধায় দ্রুত সাইট ক্লিনিং করার বিষয়ে ঠিকাদার প্রতিষ্ঠানের দৃষ্টি আকর্ষণ করা যেতে পারে। | কোম্পানির বিভিন্ন ফিল্ড/ স্থাপনার স্ক্র্যাপ মালামাল দ্রুত অপসারণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>তিতাস-এ তে কম্প্রেসর স্থাপন প্রকল্পের আওতায় প্রসেস প্লান্ট স্থাপন কাজ সমাপ্ত হয়েছে বিধায় ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক দ্রুত সাইট ক্লিনিংয়ের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক ( অপারেশন) / সংশ্লিষ্ট কমিটি ও সকল ফিল্ড ইনচার্জ<br>এবং<br>উপমহ্যাবস্থাপক (তিতাস) ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ২.৯। | তিতাস, হবিগঞ্জ, বাখরাবাদ ও ফেণী গ্যাস ফিল্ডের ফ্যাক্টরি লাইসেন্সসমূহ নবায়নের কার্যক্রম যথাসময়ে সম্পাদন করতে হবে। | তিতাস, হবিগঞ্জ, বাখরাবাদ ও ফেণী গ্যাস ফিল্ডের ফ্যাক্টরি লাইসেন্সসমূহ হালসন পর্যন্ত নবায়ন কার্যক্রম সংশ্লিষ্ট ফিল্ড ইনচার্জ-এর মাধ্যমে সম্পাদনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | তিতাস, হবিগঞ্জ, বাখরাবাদ ও ফেণী গ্যাস ফিল্ডের ফ্যাক্টরি লাইসেন্সসমূহ নবায়নের কার্যক্রম দ্রুত সম্পাদন করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন) এবং সংশ্লিষ্ট ফিল্ড ইনচার্জ |
| ২.১০। | ফেণী ফিল্ডের আপডেট তথ্য সংগ্রহ করে সভায় অভিহিত করতে হবে। | ফেণী ফিল্ডের ভূমি সংক্রান্ত এবং অন্যান্য লাইসেন্সের ফিস পরিশোধ কার্যক্রম বিজিএফসিএল কর্তৃক সম্পাদিত হচ্ছে বিধায় ফিল্ডটির আপডেট তথ্য সম্পর্কে কোম্পানির অবহিত থাকা প্রয়োজন মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। | বাপেক্সের মহাব্যবস্থাপক (প্রশাসন)-এর সাথে যোগাযোগপূর্বক ফেণী ফিল্ডের আপডেট তথ্য সংগ্রহ করে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| ২.১১। | নরসিংদী ফিল্ড : | | | |

| ক্রম. | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/ আলোচ্যসূচি | অগ্রগতি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | নরসিংদী ফিল্ডের ভূমি অধিগ্রহণের একুাইজিশন পেমেন্ট প্রাপ্তি সাপেক্ষে কোম্পানির দালান-কোঠা অপসারণের কার্যক্রম গ্রহণ করতে হবে। | উপমহাব্যবস্থাপক (নরসিংদী) সভাকে অবহিত করেন যে, নরসিংদী ফিল্ডের অধিগ্রহণতব্য ভূমির আর্থিক মূল্যায়ন সংক্রান্ত তথ্য সহসাই ন্যাশনাল ওয়েব পোর্টালে প্রকাশ করা হবে বলে সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক অবহিত করা হয়েছে। | নরসিংদী ফিল্ডের ভূমি অধিগ্রহণের একুাইজিশন পেমেন্ট প্রাপ্তি সাপেক্ষে দালান-কোঠা অপসারণের কার্যক্রম গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন) এবং সংশ্লিষ্ট ফিল্ড ইনচার্জ |
| ৩.০। | পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন : | | | |
| ৩.১। | তিতাস-জি লোকেশনে ETP স্থাপনের কার্যক্রম সুষ্ঠু ও যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | সভাকে অবহিত করা হয় যে, তিতাস-জি লোকেশনে ETP স্থাপন কার্যক্রম বাস্তবায়ন মেয়াদ ১৫ মে, ২০২৩ এর মধ্যে সম্পন্ন হবে বলে আশা করা যাচ্ছে। | তিতাস-জি লোকেশনে ETP স্থাপনের কার্যক্রম সুষ্ঠু ও যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং উপমহাব্যবস্থাপক (সিভিল)/ (ইএস) |
| ৩.২। | হবিগঞ্জ, নরসিংদী ও বাখরাবাদ ফিল্ডের জন্য Fire License সংগ্রহের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>বিভিন্ন ফিল্ডের ECC সমূহের নবায়ন কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | মেঘনা ফিল্ডের ECC নবায়ন করা হয়েছে।<br><br>অন্যান্য ফিল্ডের Environmental Clearance Certificate (ECC) সমূহের নবায়ন কার্যক্রম সংশ্লিষ্ট ফিল্ড ইনচার্জ কর্তৃক গ্রহণ করা হয়েছে। | বিভিন্ন ফিল্ডের Environmental Clearance Certificate (ECC) সমূহের নবায়ন কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।<br><br>হবিগঞ্জ, নরসিংদী ও বাখরাবাদ ফিল্ডের জন্য Fire License সংগ্রহের উদ্যোগ গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি)/ (অপারেশন) এবং উপমহাব্যবস্থাপক (ইএস) ও সকল ফিল্ড ইনচার্জ |
| ৩.৩। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি: | | | |
| | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি APA এর ২০২২-২০২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রার শতভাগ (১০০%) অর্জনে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট হতে হবে। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি APA এর ২০২২-২০২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রার শতভাগ (১০০%) অর্জনে কোম্পানির ডিভিশন ও বিভাগসমূহ সচেষ্ট আছে। APA এর আওতাধীন NIS, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন, GRS, সেবা প্রদান প্রতিশ্রুতি, RTI প্রভৃতির কর্মপরিকল্পনা বাস্তবায়নে সকলের সার্বিক সহযোগিতা প্রত্যাশা করা হয়। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি APA এর ২০২২-২০২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রার শতভাগ (১০০%) অর্জনে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট হতে হবে। | মহাব্যবস্থাপক (সিজি) এবং সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৩.৪। | তিতাস-২৪নং কূপের ওয়ার্কওভার: | | | |

| ক্রম. | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/ আলোচ্যসূচি | অগ্রগতি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | তিতাস-২৪নং কূপের ওয়ার্কওভার শুরু। | ব্যবস্থাপনা পরিচালক সভাকে অভিহিত করেন যে, তিতাস-২৪নং কূপের ওয়ার্কওভার শুরুর জন্য বাপেক্স কর্তৃক রিগ স্থাপনসহ যাবতীয় কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। মে-২০২৩ মাসের শুরুতেই উক্ত কূপের ওয়ার্কওভার শুরু হবে। ওয়ার্কওভারের উদ্বোধনী অনুষ্ঠানে পেট্রোবাংলার চেয়ারম্যান মহোদয় উপস্থিত থাকবেন বলে আশা করা যাচ্ছে। উক্ত উদ্বোধনী অনুষ্ঠানসহ ওয়ার্কওভার কার্যক্রম সুষ্ঠু ও যথাযথভাবে সম্পাদনে সকলের সার্বিক সহযোগিতা থাকবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। তাছাড়া, সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় যানবাহন বরাদ্দের ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসন ডিভিশনের দৃষ্টি আকর্ষণ করা হয়। | তিতাস-২৪নং কূপের ওয়ার্কওভারের উদ্বোধনী অনুষ্ঠানসহ ওয়ার্কওভার কার্যক্রম সুষ্ঠু ও যথাযথভাবে সম্পাদনে সংশ্লিষ্ট সকলকে সার্বিক সহযোগিতা করতে হবে।<br><br>ওয়ার্কওভার কার্যক্রম সুষ্ঠু ও যথাযথভাবে সম্পাদনের নিমিত্ত প্রকল্প পরিচালকের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় যানবাহন বরাদ্দের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল মহাব্যবস্থাপক এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৪.০। | কম্প্রেসর এন্ড জেনারেটর ডিভিশন : | | | |
| ৪.১। | কোম্পানির আবাসন/ ডরমিটরিতে বসবাসকারী কর্মকর্তা কর্তৃক নিজ খরচে এসি স্থাপনের তথ্য-উপাত্ত প্রশাসন ডিভিশনের মাধ্যমে মহাব্যবস্থাপকগণের সভায় উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, কোম্পানির আবাসন/ ডরমিটরিতে বসবাসকারী কর্মকর্তাগণকে নিজ খরচে এসি স্থাপনের অনুমতি প্রত্যাশী কয়েকজন কর্মকর্তার আবেদন পাওয়া গেছে। সহসাই বিষয়টি প্রশাসন ডিভিশন কর্তৃক মহাব্যবস্থাপকগণের সভায় পর্যালোচনার জন্য উপস্থাপন করা হবে। | কোম্পানির নিজস্ব জেনারেটরের বিদ্যুৎ লোড বিবেচনায় আবাসন/ ডরমিটরিতে বসবাসকারী কর্মকর্তাগণকে নিজ খরচে এসি স্থাপনের অনুমতি প্রদানের বিষয়টি মহাব্যবস্থাপকগণের সভায় উপস্থাপন করতে হবে। | সকল মহাব্যবস্থাপক এবং সকল ফিল্ড ইনচার্জ |
| ৫.০। | রক্ষণাবেক্ষণ ডিভিশন : | | | |
| | কোম্পানির ওয়েব ক্লাউড ব্যবহার সংক্রান্ত খসড়া নীতিমালা প্রণয়ন করে যথাশীঘ্র সভায় উপস্থাপন করতে হবে।<br><br>কোম্পানির ওয়েব ক্লাউড সংক্রান্ত বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক ও মহাব্যবস্থাপক গণের অংশগ্রহণে প্রশিক্ষণ/কর্মশালার আয়োজন করতে হবে। | কোম্পানির জন্য সংগৃহীত ওয়েব ক্লাউড সংক্রান্ত বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক ও মহাব্যবস্থাপকগণের অংশগ্রহণে প্রশিক্ষণ/কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। | কোম্পানির ওয়েব ক্লাউড ব্যবহার সংক্রান্ত খসড়া নীতিমালা প্রণয়ন করে যথাশীঘ্র মহাব্যবস্থাপকগণের সভায় উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (সিজি) এবং সংশ্লিষ্ট কমিটি |
| ৬.০। | টেকনিক্যাল সার্ভিসেস ডিভিশন: | | | |

| ক্রম. | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/ আলোচ্যসূচি | অগ্রগতি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৬.১। | কোম্পানির অকেজো/ ব্যবহার অযোগ্য মালামাল অবলোপন/ অপসারণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কোম্পানির অকেজো/ ব্যবহার অযোগ্য মালামাল অবলোপন/ অপসারণ সংশ্লিষ্ট ৪টি কমিটির কার্যক্রম চলমান আছে। | কোম্পানির অকেজো/ ব্যবহার অযোগ্য মালামাল অবলোপন/ অপসারণ সংশ্লিষ্ট কমিটিসমূহের প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/(টিএস) |
| ৬.২। | কোম্পানির ভূ-সম্পত্তির এসএ এবং বিএস রেকর্ড যথাযথ আছে কী না, সে বিষয়ে সংশ্লিষ্ট ভূমি অফিসের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ভূমি মন্ত্রণালয় কর্তৃক ভূ-সম্পত্তির বিএস রেকর্ড প্রণয়ন/ হালনাগাদ করণ কার্যক্রম চলমান আছে। এক্ষেত্রে কোম্পানির ভূ-সম্পত্তির রেকর্ড যথাযথভাবে সংরক্ষণের নিমিত্ত এস্টেট বিভাগ কর্তৃক যোগাযোগ অব্যাহত আছে।<br><br>আলোচনাকালে বাখরাবাদ ফিল্ডের প্রায় ৩০ একর এবং প্রায় ৫ একর পরিমাপের ২টি পৃথক ভূমির কর পরিশোধ ও জরিপ রেকর্ড হালনাগাদ নেই বিধায় এ বিষয়ে জরুরি পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন মর্মে উপমহাব্যবস্থাপক (বাখরাবাদ) সভাকে অবহিত করেন। | কোম্পানির ভূ-সম্পত্তির বিএস রেকর্ড যথাযথভাবে সংরক্ষণের বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>বাখরাবাদ ফিল্ডের প্রায় ৩০ একর এবং প্রায় ৫ একর পরিমাপের ২টি পৃথক ভূমির কর পরিশোধ ও জরিপ রেকর্ড হালনাগাদের বিষয়ে দ্রুত ও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/(টিএস) ও উপমহাব্যবস্থাপক (বাখরাবাদ)/ এস্টেট |
| ৭.০। | প্রশাসন ডিভিশন: | | | |
| ৭.১। | কোম্পানির সার্ভিস রেকর্ড সফটওয়্যারে কর্মকর্তা ও কর্মচারীগণ কর্তৃক নিজ নিজ ডাটা অবলোকনের ব্যবস্থা করতে হবে। | কর্মকর্তাগণ পরিচিতি নম্বর ব্যবহার করে কোম্পানির সার্ভিস রেকর্ড সফটওয়্যারে নিজ নিজ তথ্য-উপাত্ত দেখতে পারবেন মর্মে সভাকে অবহিত করা হয়।<br><br>তবে, প্রদর্শিত তথ্যে সম্পাদনার একসেস কেবলমাত্র প্রশাসন বিভাগের রয়েছে বিধায় যে কোন পরিবর্তন/সংশোধন প্রশাসন বিভাগের মাধ্যমে করতে হবে। | কোম্পানির সার্ভিস রেকর্ড সফটওয়্যারে নিজ নিজ তথ্য-উপাত্ত দেখে কোনরূপ পরিবর্তন/সংশোধনের প্রয়োজন হলে সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক সেটি/সেগুলো স্ব স্ব ডিভিশনের মাধ্যমে লিখিতভাবে প্রশাসন বিভাগকে জানাতে হবে। | সকল মহাব্যবস্থাপক |
| ৭.২। | পেট্রোবাংলার আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার সারণির আলোকে কোম্পানির আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার সারণি অনুমোদন/ Endorsement করার বিষয়টি পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপন করতে হবে। | পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপন করা হবে। | পেট্রোবাংলার আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার সারণির আলোকে কোম্পানির আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার সারণি অনুমোদন/ Endorsement করার বিষয়টি পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব)/ (প্রশাসন) |

| ক্রম. | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/ আলোচ্যসূচি | অগ্রগতি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৭.৩। | কোম্পানির বিদ্যমান আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার সারণিতে বাস্তবতার নিরিখে পরিবর্তন/ পরিবর্ধন/ সংযোজনের প্রস্তাব প্রণয়ন করে মহাব্যবস্থাপকগণের সভায় উপস্থাপনের জন্য কমিটি গঠন করা হলো। | কমিটির কার্যক্রম চলমান আছে। | কোম্পানির বিদ্যমান আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার সারণিতে বাস্তবতার নিরীখে পরিবর্তন/ পরিবর্ধন/ সংযোজনের প্রস্তাব প্রণয়ন করে কমিটি কর্তৃক মহাব্যবস্থাপকগণের সভায় উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব)/(প্রশাসন) ও সংশ্লিষ্ট কমিটি |
| ৭.৪। | ব্যয় সংকোচন ও কৃচ্ছতা সাধন বিষয়ক সরকারের পরবর্তী নির্দেশনা সাপেক্ষে কম্পিউটার সংগ্রহ করতে হবে। | কোম্পানির অনুমোদিত TOE মোতাবেক বাজেট অনুমোদন সাপেক্ষে যাচিত সংখ্যক কম্পিউটার সংগ্রহ করা প্রয়োজন। | ব্যয় সংকোচন ও কৃচ্ছতা সাধন বিষয়ক সরকারের নির্দেশনা অনুসরণপূর্বক কম্পিউটার সংগ্রহ করতে হবে। | সকল মহাব্যবস্থাপক |
| ৭.৫। | কোম্পানি প্রদত্ত শিক্ষামূলক বৃত্তির পরিমাণ বৃদ্ধির প্রস্তাবনা পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপন করতে হবে। | কোম্পানি প্রদত্ত শিক্ষামূলক বৃত্তির পরিমাণ বৃদ্ধির বিষয়টি পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপন করা হবে। | কোম্পানি প্রদত্ত শিক্ষামূলক বৃত্তির পরিমাণ বৃদ্ধির প্রস্তাবনা পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| ৭.৬। | বিজিএফসিএল-এ ডি-নথি দ্রুত চালুকরণের নিমিত্ত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | গত ১৭-৪-২০২৩ তারিখ হতে কোম্পানিতে ডি-নথি চালু করা হয়েছে। | ডি-নথি অপারেটিং বিষয়ে প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | মহাব্যবস্থাপক ( প্রশাসন) ও উপমহাব্যবস্থাপক (আইডব্লিউটি) |
| ৭.৭। | নিরাপত্তা বিভাগ : | | | |
| | কোম্পানিতে নিরাপত্তা ব্যবস্থা জোরদার রাখতে অধিক তৎপর এবং সচেষ্ট হতে হবে।<br><br>প্রধান কার্যালয়সহ বিভিন্ন ফিল্ডে দর্শনার্থী/ বহিরাগত প্রবেশের ক্ষেত্রে কোম্পানির প্রচলিত নিয়ম-নীতি যথাযথভাবে অনুসরণ করতে হবে। | নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। | কোম্পানিতে নিরাপত্তা ব্যবস্থা জোরদার রাখতে অধিক তৎপর এবং সচেষ্ট হতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) ও উপমহাব্যবস্থাপক (নিরাপত্তা) |
| ৭.৮। | মেডিক্যাল বিভাগ : | | | |
| | কোম্পানির চিকিৎসকগণ কর্তৃক যথাযথ চিকিৎসা সেবা প্রদান এবং বাজেট সীমার মধ্যে চিকিৎসা ব্যয় নিয়ন্ত্রণে সকলকে সার্বিক সহযোগিতা করতে হবে। | বাজেট সীমার মধ্যে চিকিৎসা ব্যয় নিয়ন্ত্রণে প্রচেষ্টা অব্যাহত আছে। | বাজেট সীমার মধ্যে চিকিৎসা ব্যয় নিয়ন্ত্রণে সকলকে সার্বিক সহযোগিতা করতে হবে। | সকল মহাব্যবস্থাপক ও সকল উপমহাব্যবস্থাপক এবং সংশ্লিষ্ট কমিটি |

| ক্রম. | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/ আলোচ্যসূচি | অগ্রগতি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৮.০। | আর্থিক ও হিসাব কার্যক্রম : | | | |
| ৮.১। | সকল প্রকার ব্যয় সংকোচন এবং বাজেট সীমার মধ্যে ব্যয় পরিচালন ও নিয়ন্ত্রণে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করতে হবে। | কোম্পানির অপারেশনাল ব্যয় বিশেষ করে অধিকাল ভাতা, মুদ্রণ ও মনোহারী, যাতায়াত খরচ, আপ্যায়ন ব্যয়, যানবাহন ভাড়া ও মেরামত ব্যয়, পিওএল (জ্বালানি ব্যয়), টিএ/ডিএ ইত্যাদি খাতের ব্যয় বাজেট সীমার মধ্যে পরিচালন ও নিয়ন্ত্রণে বিশেষ গুরুত্বারোপ প্রয়োজন। | বাজেট সীমার মধ্যে অপারেশনাল ব্যয় পরিচালন ও নিয়ন্ত্রণে সকলকে সার্বিক সহযোগিতা করতে হবে। | সকল মহাব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক/ ফিল্ড ইনচার্জ |
| ৯.০। | কোম্পানি সচিবালয় : | | | |
| ৯.১। | কোম্পানির শাখা প্রধানগণ কর্তৃক নিজ নিজ শাখার কার্যক্রম ও কর্মপদ্ধতি বিষয়ক প্রেজেন্টেশন (যদি থাকে) কোম্পানি সচিবালয় ডিভিশনের মাধ্যমে সমন্বয় সভায় উপস্থাপন করবে। | আইসিটি বিভাগের আইটি শাখা কর্তৃক শাখার কার্যক্রম ও কর্মপদ্ধতি বিষয়ক একটি প্রেজেন্টেশন পরবর্তী সভায় উপস্থাপন করা যাবে মর্মে সভাকে অবহিত করা হয়। | আইটি শাখার কার্যক্রম ও কর্মপদ্ধতি বিষয়ক প্রেজেন্টেশন পরবর্তী সভায় উপস্থাপন করা যেতে পারে।<br><br>কোম্পানির মিড-লেভেল কর্মকর্তাদের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে শাখা প্রধানগণ কর্তৃক নিজ নিজ শাখার কার্যক্রম ও কর্মপদ্ধতি বিষয়ক প্রেজেন্টেশন উপস্থাপন অব্যাহত রাখতে হবে। | সকল মহাব্যবস্থাপক |

পরিশেষে সভাপতি ধৈর্য ধরে সভায় অংশগ্রহণের জন্য সকল কর্মকর্তার প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন এবং উপস্থাপিত বিষয়াবলীর প্রতি আন্তরিক কর্মপ্রচেষ্টা প্রত্যাশা করেন। সকলের সম্মিলিত প্রয়াসে কোম্পানির উন্নয়ন ও অগ্রগতি অব্যাহত থাকবে- এ আশাবাদ ব্যক্ত করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

তারিখ, ব্রাহ্মণবাড়িয়া
১২ বৈশাখ, ১৪২৯
২৫ এপ্রিল, ২০২৩

১০-০৫-২০২৩
মোঃ শোয়েব
ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব)

তারিখ: ২৭ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ
১০ মে ২০২৩ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৮.১০.১২১৩.৮৭৬.৪২.০০১.২৩.৬৪

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (অপারেশন এন্ড মাইন্স), অপারেশন ও মাইন্স পরিদপ্তর, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন

(পেট্রোবাংলা);
২। সচিব, সাচিবিক বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা);
৩। সকল মহাব্যবস্থাপক, বিজিএফসিএল;
৪। সকল উপ-মহাব্যবস্থাপক/প্রকল্প পরিচালক, বিজিএফসিএল;
৫। ব্যবস্থাপক (জিও), জিওলজিক্যাল শাখা, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড;
৬। ব্যবস্থাপক (মেঘনা), মেঘনা ফিল্ড , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড;
৭। ব্যবস্থাপক(উন্নয়ন) ও প্রকল্প সমন্বয়ক, উন্নয়ন শাখা, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড;
৮। ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড এবং
৯। সহকারী ব্যবস্থাপক, কামতা ফিল্ড , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড।



১২-০৫-২০২৩
মোঃ হাবীবুর রহমান
কোম্পানী সচিব/মহাব্যবস্থাপক